



September Lunchtime 2018

Problem Code : COINPART

Coin Partition

শেফ একজন বাবুর্চি। তার ছেলে শেফু এবং মেয়ে শেফা। তার I থেকে N পর্যন্ত N টি কয়েন আছে। প্রতি i তম কয়েনের দাম V_i

শেফ তার সবগুলো কয়েনকে তার দুই সন্তানের মধ্যে নিচের নিয়মে ভাগ করতে চান : সে সবগুলো কয়েনকে একটি বিশেষ উপায়ে গণনা করে, প্রতি কয়েনের জন্য সে দেখে তার কোন সন্তানের মোট টাকা কম এবং সে ঐ সন্তানকে কয়েনটি দেয় (যদি দুই সন্তানের সমান টাকা থাকে তাহলে সে শেফুকে কয়েন দেয়)

শেফু কম্পিউটার সাইন্সে পরে , তাই সে জানে যে এই পদ্ধতিটি কয়েনগুলি ভাগ করার সবচেয়ে ন্যায্য উপায় নয়, কিন্তু শেফ বুঝতে পারছে না কেননা সে কেবল রান্না করে।

এখন শেফু এটির সদ্ব্যবহার করতে চায় এবং সে শেফকে একটি নির্দিষ্ট ক্রমে এইভাবে মুদ্রা দিতে বলে যাতে সে যে পরিমাণ অর্থ পাচ্ছে তা সর্বাধিক হয়। তুমি কি তাকে সাহায্য করতে পার?

ইনপুট:

- প্রথম লাইনে একটা পূর্ণসংখ্যা T দেওয়া আছে যা টেস্টকেস সংখ্যা নির্দেশ করে। এরপর T টেস্টকেস এর বর্ণনা দেয়া আছে।
- প্রত্যেক টেস্টকেসের প্রথম লাইনে একটি পূর্ণসংখ্যা N থাকে
- পরের লাইনে N টি পূর্ণসংখ্যা V_1, V_2, \dots, V_N দেয়া আছে।

আউটপুট:

প্রত্যেক টেস্টকেসের জন্য একটি লাইনে N টি পূর্ণসংখ্যা প্রিন্ট করতে হবে, 1 থেকে N পর্যন্ত সংখ্যাগুলোর বিন্যাস যা নির্ধারণ করে শেফ যে ক্রমে গণনা করবে। যদি একাধিক অনুকূল সমাধান থাকে তবে যেকোনো একটি প্রিন্ট করা যাবে।

শর্তাবলি:

- $1 \leq T \leq 100$
- $1 \leq N \leq 500$
- $1 \leq V_i \leq 500$
- সব টেস্টকেসের N এর যোগফল 500 পার করবে না

সাবটাস্ক:

- সাবটাস্ক 1 (50 পয়েন্ট) : সব টেস্টকেসের N এর যোগফল 80 পার করবে না
- সাবটাস্ক 2 (50 পয়েন্ট) : মূল শর্তাবলি

নমুনা ইনপুট :

2

4

5 3 20 9

4

2 2 2 2

নমুনা আউটপুট :

2 4 1 3

1 2 3 4